

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি বিপণন অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।  
[www.dam.gov.bd](http://www.dam.gov.bd)



নথি নং-১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১৮- ২১৪


তারিখঃ ২৮/১০/২০২০ খ্রিঃ

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের অক্টোবর/২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তর এর প্রধান কার্যালয়ে Zoom Platform এ (অনলাইন সভা) অনুষ্ঠিত অক্টোবর/২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে নিম্নরূপ কার্যব্যবস্থার অনুরোধসহ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

- কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ০৯ নভেম্বর, ২০২০ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন বুলেট পয়েন্ট-এ আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করবেন; যাতে পরবর্তী সমন্বয় সভার কার্যপত্রে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উল্লেখ করা যায়। নভেম্বর/২০২০ মাসের সমন্বয় সভার কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য বিশেষ কোন আলোচ্য সূচীর প্রস্তাব থাকলে সংশ্লিষ্ট সকলকে তা আগামী ৩০ অক্টোবর, ২০২০ তারিখের মধ্যে আরইটিসি শাখায় (সফটকপি [adtc@dam.gov.bd](mailto:adtc@dam.gov.bd) মেইলে) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
২৮.১০.২০২০

(ইকবাল হোসেন চাকলাদার)

উপ-পরিচালক (আরইটিসি)

ফোনঃ ৫৫০২৮৩৯১

e-mail: [chakladerbau@gmail.com](mailto:chakladerbau@gmail.com)

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

.....  
.....  
DAM, খামারবাড়ি, ঢাকা।  
.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি বিপণন অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫  
[www.dam.gov.bd](http://www.dam.gov.bd)

কৃষি বিপণন অধিদপ্তরের অক্টোবর, ২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ ইউসুফ  
মহাপরিচালক  
কৃষি বিপণন অধিদপ্তর।

তারিখ : ২১ অক্টোবর, ২০২০ খ্রিঃ।

সময় : সকাল ১১:০০ ঘটিকা।

স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-‘ক’-তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ

সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা
১.	গত ২২/০৯/২০২০ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।	গত ২২/০৯/২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়। <b>সিদ্ধান্ত-১:</b> ২২/০৯/২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।	প্রশিক্ষণ ও সমন্বয় শাখা
২.	<b>বাজার সংযোগ শাখা</b>	(ক) বৃদ্ধিপ্রাপ্ত কৃষিপণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে বিভাগীয় উপপরিচালকগণ মনিটরিং কার্যক্রম জোরদার করবেন ও সে লক্ষ্যে প্রয়োজনে মোবাইল কোর্ট কার্যক্রম আরও বাড়াবেন।  (খ) বিআরটিসি ও কৃষকবন্ধু ডাক সেবার মাধ্যমে কৃষিপণ্য পরিবহনে কৃষক ও ব্যবসায়ীদের সাথে মিটিং করতে হবে। কৃষকবন্ধু ডাকসেবা/বিআরটিসির গাড়ি ব্যবহার না করলে তারা যদি ট্রাক ব্যবহার করে তাহলে সেসব ট্রাকে ডিএম এর স্টিকার, ব্যানার ও টেলিফোন নম্বর ব্যবহার বাধ্যতামূলক করার উদ্যোগ নিতে হবে। কৃষিপণ্য পরিবহন নির্বিলম্ব রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (BIWTA, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী) বরাবর চিঠি প্রেরণ করতে হবে।  (গ) যে সব জেলায় হিমাগার আছে (যেমনঃ ঢাকা, মুন্সিগঞ্জ, রংপুর ইত্যাদি) সেসব জেলার হিমাগারগুলোতে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। সরকার নির্ধারিত দামের বেশি দামে আলু বিক্রি করলে প্রয়োজনে আলু বাজেয়াপ্ত করতে	উপপরিচালক (বাজার সংযোগ) বিভাগীয় উপপরিচালক (সকল)এসএমও/এডি/এএমও/ডি এমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত(সকল)  উপপরিচালক (বাজার সংযোগ) বিভাগীয় উপপরিচালক (সকল)এসএমও/এডি/এএমও/ডি এমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত(সকল)  উপপরিচালক (বাজার সংযোগ) বিভাগীয় উপপরিচালক (সকল)এসএমও/এডি/এএমও/ডি এমও/ডিএমআই/জেলা অফিসের

